

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮৪৩

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ উমার (রাঃ) এর মাহাত্ম্য

## আরবী

عن بُرَيْدَةَ أَنَّ أَمَةً سَوْدَاءَ أَتَتْ رَسُوْلَ اللهِ عَلِي وَقَدْ رَجَعَ مِنْ بَعْضِ مَغَازِيهِ فَقَالَتْ إِنِّي كُنْتُ نَذَرْتُ إِنْ رَدَّكَ اللهُ صَالِحًا أَنْ أَصْرِبَ عِنْدَكَ بِالدُّفِّ قَالَ إِنْ كُنْتِ فَعَلْتِ فَافْعَلِي كُنْتُ نَذَرْتُ إِنْ كُنْتِ فَعَلْتِ فَافْعَلِي وَإِنْ كُنْتِ لَمْ تَفْعَلِي فَلَا تَفْعَلِي فَصَرَبَتْ فَدَخَلَ أَبُو بَكْرٍ وَهِيَ تَصْرُبُ وَدَخَلَ غَيْرُهُ وَهِيَ وَإِنْ كُنْتِ لَمْ تَفْعَلِي فَلَا تَفْعَلِي فَصَرَبَتْ فَدَخَلَ أَبُو بَكْرٍ وَهِيَ تَصْرُبُ وَدَخَلَ غَيْرُهُ وَهِي وَإِنْ كُنْتِ لَمْ تَفْعَلِي فَلَا تَفْعَلِي فَصَرَبَتْ فَدَخَلَ أَبُو بَكْرٍ وَهِيَ تَصْرُبُ وَدَخَلَ عَيْرُهُ وَهِي تَصْرُبُ وَمُ مَنْ قَالَ مَمُولًا اللهِ عَيْلِي إِنَّ إِنَّ لَيَفْرِ فَا لَلهِ عَلَيْ إِنَّ إِنَّ لِللهَ عَلَيْ إِنَّ إِنَّ لَللهِ عَلَيْ لِي إِللهِ اللهِ عَلَيْ إِنَّ إِنَّ لَللهِ عَلَيْ إِنَّ لِللهُ عَلَيْ إِللهُ إِنَّ لَللهِ عَلَيْكُ إِللهُ إِنَّ لَيَفْرَقُ مِنْكَ يَا عُمَنُ قَالَ مَعْدُ لَكُ لَا عُمَرُ لَا عَمْرُ

## বাংলা

(২৮৪৩) বুরাইদা (রাঃ) কর্তৃক বর্ণিত, একদা কোন যুদ্ধ থেকে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিজয়ী হয়ে ফিরে এলে একটি কৃষ্ণকায় দাসী এসে বলল, '(হে আল্লাহর রসূল!) আমি নযর মেনেছিলাম যে, আপনি ভালভাবে ফিরে এলে আমি আপনার কাছে দুফ বাজাব।' নবী সাল্লাল্লাছু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি যদি নযর মেনে থাকো, তাহলে তা পূরা কর। আর না মেনে থাকলে তা করো না। সুতরাং দাসীটি দুফ বাজাতে লাগল। ইতিমধ্যে আবৃ বকর প্রবেশ করলেন। তখনও সে বাজাতে থাকল। অন্য কেউ এসে উপস্থিত হলেও সে বাজাতে থাকল। অবশেষে উমার প্রবেশ করলে দুফটাকে সে নিজ পিছনে লুকিয়ে কাপড়ে মুখও লুকাতে লাগল। তা দেখে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমারের উদ্দেশ্যে বললেন, শয়তানও তোমাকে ভয় পায় হে উমার!

## ফুটনোট

(আহমাদ ২২৯৮৯, তিরমিযী ৩৬৯০, সিঃ সহীহাহ ১৬০৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন